

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

স্মারক নং: ০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯- ১০৫

০২ কার্তিক, ১৪২৮
তারিখ: -----
১৮ অক্টোবর, ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থবছরে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এর আওতায় যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জনপ্রশাসন ও এর উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করে অথবা এ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রমের সাথে জড়িত শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ অনুদান প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২। এ অনুদান গ্রহণে আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আগামী ২১/১০/২০২১ হতে ৩০/১১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের ফরম ও এ সংক্রান্ত নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) এবং সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

Mentem
২৮/১০/২১
(মৌসুমী সরকার রাশী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৬৪৭
ই-মেইল- fttu@mopa.gov.bd